



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

তারিখঃ ২৬/১১/২০১৬

প্রেস রিলিজ

ববির উপাচার্যের শোক প্রকাশ

কিউবার বিপ্লবী নেতা ফিদেল কাস্ত্রোর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, তাঁর মৃত্যুতে বিশ্ব রাজনীতির নেতৃত্বে শূন্যতার সৃষ্টি হবে যা পূরণীয় নয়। শোষিত মানুষের অধিকার আদায়ে তাঁর যে অবদান সারা বিশ্বের মানুষ তা কৃতজ্ঞ চিন্তে মনে রাখবে। এ বিপ্লবী নেতা সম্পর্কে উপাচার্য মহোদয় আরও বলেন, স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কিউবা সফরে গেলে ফিদেল কাস্ত্রো বঙ্গবন্ধু সম্পর্কে উক্তি করেছিলেন, “আমি হিমালয় দেখিনি, তবে আমি শেখ মুজিবকে দেখেছি। ব্যক্তিত্ব ও সাহসে এই মানুষটি হিমালয়ের সমতুল্য। আর এভাবেই আমি হিমালয় দেখার অভিজ্ঞতা লাভ করেছি”। উপাচার্য মহোদয় তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

b.university.pro@gmail.com